

লস্ এঞ্জেলস  
ডিসেম্বর, ১৮৯৯

হরিভাই,

... তোমার ঠ্যাঙ জোড়া লেগেছে শুনে খুশি আছি এবং কাজ করছ তাও শুনছি। ... আমার শরীর ঠিক চলছে না। মোন্দা কথা, আমারও আতুপুতু করলেই রোগ হয়। রাঁধছি, যা-তা খাচ্ছি, দিনরাত খাটছি, বেশ আছি, খুব ঘুমুচ্ছি!!

আমি আসছি নিউ ইয়র্কে একমাসের ভেতর। সারদার কাগজ<sup>১</sup> কি উঠে গেছে নাকি? ও আর তো পাই না। Awakened (‘প্রবুদ্ধ ভারত’)-ও ঘুমিয়েছে বুঝি? আমায় তো আর পাঠায় না। যাক, দেশে তো ‘পিলগ্ হইছন্তি’ -- কে আছে, কে নেই রে রাম!! ওহে, অচু-র এক চিঠি আজ এসে হাজির। সে রাজপুতানায় শিখর রাজার রামগড় শহরে লুকিয়ে ছিল। কে বলেছে যে, বিবেকানন্দ মরে গেছে। তাই এক পত্র লিখেছে আমায়!! তাকে একখানা জবাব পাঠাচ্ছি।

আমার সব কুশল। তোমার, তার কুশল দেবে। ইতি

দাস

বিবেকানন্দ

---

<sup>১</sup> ‘উদ্বোধন’ -- পত্রিকা